

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৪.১৭

তারিখঃ ১০/৮/২০১৯ খ্রি:

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া এর বিরুদ্ধে বেগম রাজিয়া খাতুন, পরিবার কল্যাণ সহকারী, ১/গ ইউনিট, নিশিন্দারা ইউনিয়ন, বগুড়া সদর, বগুড়া এর সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং পরি/বগ/৯১৯ এর বিপরীতে ১,২৭,০০০(এক লক্ষ সাতাশ হাজার) টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ-এর অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অপরাধে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩ (বি) ও ৩(ডি) উপবিধি অনুযায়ী 'অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption)' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গত ২৪/১২/২০১২ খ্রি: তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১২-১০৯ স্মারকের মাধ্যমে তাঁকে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের গত ২৪/১০/২০১৩ খ্রি.তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১২-৪৩৯ নং স্মারকে জনাব মোঃ আব্দুল ছাত্তার, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, বগুড়াকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৮/১১/২০১৩খ্রি.তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩ (বি) ও ৩(ডি) উপবিধি অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' ও 'দুর্নীতি (Corruption)' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ (Misconduct)' ও 'দুর্নীতি (Corruption)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালায় ৪(৩) (ডি) উপবিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)' এর গুরুদণ্ড আরোপের প্রস্তাব করে গত ১৯/০২/১৪খ্রি.তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১২-৬৬ স্মারকে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২০/০৩/১৪ খ্রি: তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং উক্ত জবাব পর্যালোচনায় সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় একই বিধিমালার ৪(৩) ডি উপবিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) এর সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ১০/০৮/১৪ খ্রি. তারিখের পত্রের স্মারক নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২১২-২৬৩ মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে গত ০৫/০৯/১৮ খ্রি.তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.৪০.২০১৪-১২১ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)' এর গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' ও 'দুর্নীতি (Corruption)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) উপবিধি মোতাবেক জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বগুড়া কে সরকারি 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)' এর গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(শেখ ইউসুফ হারুন)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মন্ত্রণালয় তেজগাঁও, ঢাকা।


(পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের এক কপি অত্র শাখায় প্রেরনের অনুরোধসহ)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৪.১৭

তারিখঃ ১০/৮/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি সংশ্লিষ্ট রেজিস্টারে/কম্পিউটারে সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বগুড়া।
- ৪। মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বগুড়া, সদর, বগুড়া।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।



(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫২২৬